# এসএসসি প্রোগ্রাম
## হিসাববিজ্ঞান : SSC – 1664
## মানবণ্টন : পূর্ণমান : ১০০

| | | |
|---|---|---|
| ১. | সৃজনশীল প্রশ্ন (কাঠামোবদ্ধ) : | ৬০ নম্বর (৬ × ১০ = ৬০) |
| ২. | বহুনির্বাচনি প্রশ্ন : | ৪০ নম্বর (৪০ × ১ = ৪০) |
| | | সর্বমোট = ১০০ |

১. সৃজনশীল প্রশ্ন : ৬০ নম্বর (৬ × ১০ = ৬০)

মোট ৯টি প্রশ্ন থাকবে। তন্মধ্যে ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে।
প্রত্যেকটি প্রশ্নের পূর্ণমান ১০ (দশ) নম্বর

| | |
|---|---|
| সহজ মান | ২ |
| মধ্যমমান | ৪ |
| কঠিনমান | ৪ |
| | সর্বমোট = ১০ |

✪ সৃজনশীল প্রশ্নের ক্ষেত্রে ‘ক’ বিভাগে আর্থিক বিবরণী অধ্যায় হতে ২টি প্রশ্ন থাকবে এবং ‘খ’ বিভাগে সিলেবাসের বাকি অংশ থেকে ৭টি প্রশ্ন থাকবে। ক বিভাগের প্রশ্ন ২টি বাধ্যতামূলক এবং ‘খ’ বিভাগ থেকে যে কোন ৪টি প্রশ্নের উত্তর দিতে হবে।

২. বহুনির্বাচনি প্রশ্ন : ৪০ নম্বর (৪০ × ১ = ৪০)

মোট ৪০টি প্রশ্ন থাকবে। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রত্যেক প্রশ্নের মান ১ (এক) নম্বর।

✪ বহুনির্বাচনি প্রশ্নপত্রের ক্ষেত্রে জ্ঞান ও অনুধাবন স্তর হতে মোট প্রশ্নের ৭০% এবং প্রয়োগ ও উচ্চতর দক্ষতার স্তর হতে ৩০% প্রশ্ন থাকবে।

| | |
|---|---|
| জ্ঞান | ৪০% |
| অনুধাবন | ৩০% |
| প্রয়োগ | ২০% |
| উচ্চতর | ১০% |

# নমুনা প্রশ্ন

## সৃজনশীল প্রশ্ন

**সময় : ২ঘন্টা ১০মিনিট** **পূর্ণমান-৬০**

## ক বিভাগ (আবশ্যিক)

১. জনাব হাসানের ৩১ ডিসেম্বর ২০১২ তারিখে রেওয়ামিলটি নিম্নরূপ :

জনাব হাসান
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১২

| হিসাবের নাম | ডেবিট | ক্রেডিট |
|---|---|---|
| ১৫% বিনিয়োগ | ১,৫০,০০০ | |
| পাওনাদার | | ৪০,০০০ |
| দেনাদার | ৫৫,০০০ | |
| মজুদ পণ্য (১-১-২০১২) | ৩০,০০০ | |
| পণ্য ক্রয় ও বিক্রয় | ২,৫০,০০০ | ৫,৬২,৫০০ |
| মজুরি | ২০,০০০ | |
| বেতন | ২৫,০০০ | |
| শুল্ক | ৫,০০০ | |
| মানিহারি | ৬,০০০ | |
| ভাড়া | ১২,০০০ | |
| বিক্রয় ফেরত ও ক্রয় ফেরত | ৫,০০০ | ৬,০০০ |
| অনাদায়ী পাওনা ও অনাদায়ী পাওনা সঞ্চিতি | ২,০০০ | ১,৫০০ |
| ইজারা সম্পত্তি (১০ বছর) | ৫০,০০০ | |
| | ৬,১০,০০০ | ৬,১০,০০০ |

অন্যান্য তথ্যাদি : ১. সমাপনী মজুদপণ্যের মূল্য ১৫,০০০ টাকা; ২. বকেয়া মজুরি ১,০০০ টাকা; ৩. দেনাদারের ১০% অনাদায়ী পাওনা সঞ্চিতি ধার্য করুন; ৪. অলিখিত ক্রয় ৫,০০০ টাকা।

ক. জনাব হাসানের নিট ক্রয়ের পরিমাণ কত? ২

খ. জনাব হাসানের ২০১২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের মোট মুনাফা নির্ণয় করুন। ৪

গ. জনাব হাসানের নিট লাভ বা ক্ষতি নির্ণয় করুন। ৪

২. মনি এন্টারপ্রাইজ-এর ২০১৩ সালের মোট লাভ ৩০,০০০ টাকা। ২০১৩ সালে উক্ত প্রতিষ্ঠানের রেওয়ামিল নিম্নরূপ :

মনি এন্টারপ্রাইজ
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৩

| **বিবরণ** | **ডেবিট** | **ক্রেডিট** |
|---|---|---|
| আসবাবপত্র | ২৫,০০০ | |
| দেনাদার ও পাওনাদার | ২৭,০০০ | ২০,০০ |
| বিজ্ঞাপন | ১২,০০০ | |
| বাট্টা প্রদত্ত ও বাট্টা প্রাপ্তি | ৫০০ | ৭০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | | ২৭,০০০ |
| প্রাপ্য বিল ও প্রদেয় বিল | ৮,০০০ | ১০,০০০ |
| উত্তোলন ও মূলধন | ১০,০০০ | ৯০,৩০০ |

| বিবরণ | ডেবিট | ক্রেডিট |
|---|---|---|
| দপ্তর খরচ | ৫,০০০ | |
| ঋণপত্র | | ১৫,০০০ |
| কলকব্জা ও যন্ত্রপাতি | ৬০,০০০ | |
| বিক্রয় পরিবহন | ২,৫০০ | |
| বীমা সেলামি | ২,০০০ | |
| নগদ তহবিল | ১০,০০০ | |
| কমিশন | ২,৫০০ | ১,৫০০ |
| | ১,৬৪,৫০০ | ১,৬৪,৫০০ |

অন্যান্য তথ্যাদি : ১. বছর শেষে অবিক্রিত পাণ্যের মূল্য ৩০,০০০ টাকা; ২. বিজ্ঞাপনের ২/৫ অংশ বিলম্বিত করতে হবে; ৩. মূলধনের উপর ১০% সুদ ধরতে হবে।

ক. মনি এন্টারপ্রাইজের চলতি অনুপাত নির্ণয় করুন। ২

খ. মনি এন্টারপ্রাইজের নীট লাভ বা ক্ষতি নির্ণয় করুন। ৪

গ. ৩১ ডিসেম্বর ২০১৩ তারিখে মনি এন্টারপ্রাইজের আর্থিক অবস্থার বিবরণী তৈরি করুন। ৪

## খ বিভাগ
## (যে কোন চারটি প্রশ্নের উত্তর দিন)

৩. রতন তালুকদার ব্যবসায়ের যাবতীয় লেনদেন দু'তরফ দাখিলা পদ্ধতি অনুযায়ী হিসাবভুক্ত করেন। ২০১৩ সালের মার্চ মাসে ব্যবসায়ের লেনদেন ছিল নিম্নরূপ :

২০১৩ইং

মার্চ ১ মূলধন আনয়ন ১,০০,০০০ টাকা।

" ১০ হাবিবের নিকট নগদে পণ্য বিক্রয় ২৫,০০০ টাকা।

" ১৫ বাকীতে পণ্য ক্রয় ৫,০০০ টাকা।

" ২০ কর্মচারীকে বেতন প্রদান ৮,০০০ টাকা।

ক. রতন তালুকদারের মালিকানাস্বত্ব বৃদ্ধির পরিমাণ কত? ২

খ. উক্ত লেনদেনগুলো দ্বারা হিসাবের শ্রেণিবিভাগ ব্যাখ্যাসহ ছকের সাহায্যে দেখাও ৪

গ. উদ্দীপকের লেনদেন দ্বারা কারণসহ ডেবিট ও ক্রেডিট নির্ণয় কর। ৪

৪. জনাব হাসেম ২০১৩ সালের ১ জুলাই তারিখে নগদ ৭০,০০০ টাকা এবং ৩০,০০০ টাকার পণ্যদ্রব্য নিয়ে ব্যবসায় শুরু করলেন। উক্ত মাসে তাঁর ব্যবসায়ের অন্যান্য লেনদেন ছিল :

জুলাই ২ জনতা ব্যাংকে হিসাব খোলা হল ১০,০০০ টাকা।

জুলাই ১০ রুমির নিকট বিক্রয় বাবদ চেক প্রাপ্তি ১০,৫০০ টাকা।

জুলাই ১৫ বাবুলের নিকট হতে ক্রয় ১২,০০০ টাকা।

জুলাই ২০ বাবুলের নিকট পণ্য ফেরত পাঠানো হল, ২,০০০ টাকা।

জুলাই ২৫ কর্মচারী রায়হানের বেতন অপরিশোধিত রয়েছে ৪,০০০ টাকা।

জুলাই ৩০ দেনাদারের ১,০০০ টাকা আদায়যোগ্য নয়।

ক. ২৫ ও ৩০ তারিখের লেনদেনের জাবেদা দাখিলা প্রদান করুন। ২

খ. নগদান হিসাব, ক্রয় হিসাব T ছকে খতিয়ানভুক্ত করে জের নির্ণয় করুন। ৪

গ. পাওনাদার হিসাব, ব্যাংক হিসাব চলমান জের ছকে লিপিবদ্ধ করুন। ৪

৫. মি. খান একজন ব্যবসায়ী। ২০১৩ সালের জানুয়ারী মাসের লেনদেনসমূহ নিম্নরূপ :

জানু. ১ জনি ট্রেডার্সের নিকট হতে প্রতি পাউন্ড ১০০ টাকা দরে ৪০০ পাউন্ড চা ক্রয়। কারবারি বাট্টা ৫%। চালান নং-৫০। শর্ত : ৩/১৫, নীট-৩০। বহন খরচ ৭০০।

" ১০ জাফর ব্রাদার্সের নিকট হতে প্রতি লিটার ২০০ টাকা করে ৩০০ লিটার সয়াবিন তেল ক্রয়। কারবারি বাট্টা ৫%। চালান নং-১১০। শর্ত: ৩/১০ নিট ২০। প্যাকিং খরচ ১,২০০টাকা।

" ২০ জনি ট্রেডার্সকে প্রতি পাউন্ড ১০০ টাকা দরে ৫০ পাউন্ড চা পাতা নমুনা মাফিক না হওয়ায় ফেরত পাঠানো হল। ডেবিট নোট নং ১১৮।

ক. জানুয়ারি মাসে মি. খানের মাল ক্রয় সংক্রান্ত আনুষঙ্গিক খরচের পরিমাণ কত? ২

খ. জানুয়ারি মাসের তথ্য অবলম্বনে একটি ডেবিট নোট তৈরি কর। ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলোর সাহায্যে মি. খানের একটি ক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

৬. ২০১২ সালের জানুয়ারি মাসে জনাব জাহিদ হাসানের ব্যবসায়ে নিম্নোক্ত লেনদেনগুলো সংঘটিত হয়:

জানু. ১ হাতে নগদ ১৭,৫০০ টাকা এবং ব্যাংক জমার ক্রেডিট উদ্বৃত্ত ৫,০০০ টাকা।

" ২ ব্যাংকে জমা দেয়া হল ৪,০০০ টাকা।

" ৭ ৬,৫০০ টাকার পূর্ণ নিস্পত্তিতে জনাব আরাফাত হতে ৬.৩০০ টাকার চেক প্রাপ্তি।

" ১০ রাজিবের নিকট হতে ৩,০০০ টাকার পণ্য ক্রয় করে নগদ প্রদান ২,০০০ টাকা।

" ১৫ জনাব আরাফাত হতে প্রাপ্ত ৭ তারিখের জমাকৃত চেক প্রত্যাখান।

" ২০ পণ্য বিক্রয় ১,০০,০০০ টাকা যার ৫০% চেকে।

" ২২ ব্যাংক থেকে উত্তোলন ১০,০০০ টাকা

" ২৫ সাজ্জাদ এন্ড সন্সের নিকট হতে নগদে পণ্য ক্রয় ৪,০০০ টাকা।

" ৩১ রতনের নিকট থেকে প্রাপ্তি ৩,০০০ টাকা।

ক. ২৫ তারিখে লেনদেনের জন্য ডেবিট ভাউচার প্রস্তুত করুন। ২

খ. উপর্যুক্ত লেনদেনগুলো জনাব জাহিদ হাসানের নগদ প্রাপ্তি জাবেদা তৈরি করুন। ৪

গ. উপর্যুক্ত লেনদেনগুলো জনাব জাহিদ হাসানের একটি উপযুক্ত নগদান বই তৈরি করুন। ৪

৭. মি. নাফিজ একজন ব্যবসায়ী। ২০১৩ সালের ডিসেম্বর মাসে তার ব্যবসায়ে নিম্নলিখিত ঘটনাগুলো সংঘটিত হয়েছে:

ডিসে. ১ ২৫,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন।

" ৫ টলির নিকট ৫,০০ টাকার পণ্য ক্রয়ের ফরমায়েশ প্রদান।

" ১০ ধারে পণ্য ক্রয় ৫.৫০০ টাকা।

" ১৫ ১০,০০০ টাকা বেতনে একজন ম্যানেজার নিয়োগ দেয়া হল।

" ২০ নগদে পণ্য বিক্রয় ২৫,০০০ টাকা।

" ২৫ বিজ্ঞাপন বাবদ পরিশোধ ১,০০০ টাকা।

ক. ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনাসমূহ চিহ্নিত করে মোট পরিমান নির্ণয় করুন। ২

খ. ঘটনাসমূহ হতে লেনদেন চিহ্নিত করে সমীকরণ পদ্ধতিতে তার কারণ ব্যাখ্যা করুন। ৪

গ. বিবরণী ছকে হিসাব সমীকরণের উপর লেনদেনের প্রভাব দেখাও। ৪

৮. স্নিগ্ধা সিরামিকস্ ব্যবসায়ের গাণিতিক শুদ্ধতা যাচাইয়ের উদ্দেশ্যে ২০১৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে নিম্নলিখিত খতিয়ান উদ্বৃত্তর তথ্য সবরাহ করে:

| **হিসাবের নাম** | **টাকা** |
|---|---|
| হাতে নগদ (১-১-১৩) | ১৫,০০০ |
| দেনাদার | ২৫,০০০ |
| পাওনাদার | ২০,০০০ |
| মূলধন | ৯৬,৮০০ |
| ক্রয় | ৪০,০০০ |
| বিনিয়োগের সুদ | ৩,০০০ |
| বিক্রয় | ৫০,০০০ |

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| আসবাবপত্র | ৪৫,০০০ |
| সমাপনী মজুদ পণ্য | ২০,০০০ |
| উত্তোলন | ১০,০০০ |
| আমদানি শুল্ক | ৭,০০০ |
| বিনিয়োগ | ২৫,০০০ |
| বীমা সেলামি | ৬,০০০ |
| ব্যাংক জমার সুদ | ৭০০ |
| ব্যাংক জমা (৩১-১২-১৩) | ১০,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৩০,০০০ |
| কমিশন প্রাপ্তি | ২,৫০০ |
| গৃহীত ঋণ | ২৫,০০০ |

ক. স্নিগ্ধা সিরামিকস্-এর মূলধনজাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় করুন ২
খ. উপর্যুক্ত তথ্যের আলোকে স্নিগ্ধা সিরামিকস্-এর রেওয়ামিল প্রস্তুত করুন। ৪
গ. উপর্যুক্ত তথ্যের আলোকে মুনাফাজাতীয় আয় ও মুনাফাজাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

৯. জানুয়ারী ২০১৩ তারিখে ডাঃ জয়ের পারিবারিক অবস্থা নিম্নরূপঃ
বাড়িঘর ১৫,০০,০০০ টাকা, ১০% বিনিয়োগ ২০,০০০ টাকা, আসবাবপত্র ১,০০,০০০ টাকা, গহনাপত্র ১,২৫,০০০ টাকা ব্যাংক ঋণ ১,৫০,০০০ টাকা।

ডাঃ জয়ের পারিবারিক
প্রাপ্তি ও প্রদান হিসাব
৩১ ডিসেম্বর, ২০১৩ সালের সমাপ্ত বছরের

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদাসসমূহ | টাকা |
|---|---|---|---|
| বেতন | ৪,২০,০০০ | খাদ্যসমাগ্রী ক্রয় | ২,০৫,০০০ |
| বিনিয়োগের সুদ | ১,৫০০ | LCD টেলিভিশন ক্রয় | ৩০,০০০ |
| রোগী দেখে প্রাপ্তি | ১,৫০,০০০ | শিক্ষা খরচ | ৬৫,০০০ |
| | | গ্যাস, পানি, বিদ্যুৎ | ২৫,০০০ |
| | | ব্যাংকের স্থায়ী আমানত | ১,২১,০০০ |
| | | ব্যাংকে ঋণ পরিশোধ | ৩০,০০০ |
| | | ফ্রিজ ক্রয় | ৫০,০০০ |
| | | উদ্বৃত্ত | ৪৫,৫০০ |
| | ৫,৭১,৫০০ | | ৫,৭১,৫০০ |

অন্যান্য তথ্যাবলি : ১. গ্যাস, পানি ও বিদ্যুৎ খরচ ২,০০০ টাকা বকেয়া আছে।
২. বিনিয়োগের সুদ ৫০০ টাকা পাওয়া যায়নি।

ক. ডাঃ জয়ের পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় করুন। ২
খ. ৩১ ডিসেম্বর ২০১৩ তারিখে সমাপ্ত বছরের তার পরিবারের আয় ব্যয় বিবরণী প্রস্তুত করুন। ৪
গ. উক্ত তারিখের ডাঃ জয়ের পারিবারিক আর্থিক অবস্থার বিবরণী তৈরি করুন। ৪

# বহুনির্বাচনি অভীক্ষা

## সৃজনশীল প্রশ্ন

**সময় : ৪০মিনিট** **পূর্ণমান-৪০**

১. নিজের কাজের জন্য তৃতীয় পক্ষের নিকট দায়বদ্ধতা হচ্ছে-
ক. আয় বুঝে ব্যয় করা খ. দায়িত্ববোধের বিকাশ
গ. মূল্যবোধের সৃষ্টি ঘ. জবাবদিহিতা

২. নগদে পণ্য ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে কোনটি ব্যবহৃত হয়?
ক. মূলধন জাতীয় খ. ক্রেডিট নোট
গ. ক্যাশ মেমো ঘ. চালান

৩. 'ব্যবসায় প্রতিষ্ঠান স্থানান্তর খরচ' কোন ধরণের ব্যয়?
ক. মূলধন জাতীয় খ. বিলম্বিত মুনাফা জাতীয়
গ. প্রশাসনিক ঘ. প্রত্যক্ষ

৪. ব্যবসায় প্রতিষ্ঠানের হিসাব তথ্যের বাহ্যিক ব্যবহারকারী-
i. কর্মকর্তা-কর্মচারী ii. মালিক ও ব্যবস্থাপক
iii. হিসাব নিরীক্ষক
নিচের কোনটি সঠিক?
ক. i. ও ii. খ. i. ও iii.
গ. ii.ও iii. ঘ. i., ii. ও iii.

৫. কোনটি সুষ্ঠভাবে সরকারের রাজস্ব আদায়ে সহায়ক ভূমিকা রাখে?
ক. মূলধন জাতীয় খ. ক্রেডিট নোট
গ. ক্যাশমেমো ঘ. চালান

৬. ব্যবসায়ের সম্পদের উপর তৃতীয় পক্ষের দায়ী কী?
ক. দায় খ. সম্পদ
গ. আয় ঘ. মালিকানায়ত্ব

৭. বিক্রেতার নিকট চালান কী নামে অভিহিত?
ক. বহিঃচালান খ. আন্ত:চালান
গ. ডেবিট নোট ঘ ক্রেডিট নোট

৮. ব্যবসায়ে মালিকানায়ত্ব বৃদ্ধির কারণ কোনটি?
ক. আয়কর খ. জীবন বিমার প্রিমিয়ার
গ. উত্তোলন ঘ. সাধারণ সঞ্চিতি

উদ্দীপকটি পড়ুন এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দিন:
টোরকি বন্দরের ক্ষুদ্র ব্যবসায়ী জরিনা বেগমের প্রারম্ভিক মূলধন ৫০,০০০ টাকা; উত্তোলন ২৭,০০০ টাকা এবং সমাপনী মূলধন ৪২,০০০ টাকা।

৯. জরিনা বেগমের ব্যবসায়ে মুনাফার পরিমাণ কত টাকা?
ক. ৮,০০০ খ. ১৫,০০০
গ. ১৯,০০০ ঘ. ২৩,০০০

১০. জরিনা বেগমের ব্যবসায়ে কোন হিসাব সংরক্ষণের গুরুত্ব কম?
ক. সম্পদ খ. দায়
গ. মূলধন ঘ. আয় ও ব্যয়

১১. দু'তরফা দাখিলা পদ্ধতির সুবিধা কোনটি?
ক. সহজ প্রয়োগ খ. সামগ্রিক ফলাফল
গ. দ্বৈতসত্তা ঘ. দাতা ও গ্রহীতা

১২. অফিসের জন্য ঘড়ি ক্রয় করলে কোন হিসাবটি ডেবিট হবে?
ক. অফিস সরঞ্জাম খ. অফিস সাপ্লাইজ
গ. মনিহারি ঘ. ক্রয়

১৩. ক্রেতা বা বিক্রেতা হিসাব রাখে না-
i. কারবারি বাট্টা ii. নগদ বাট্টা
iii. ব্যবসায়িক বাট্টা
নিচের কোনটি সঠিক?
ক. i. ও ii. খ. i. ও iii.
গ. ii.ও iii. ঘ. i., ii. ও iii

১৪. কর্মচারী জামিলের বেতন অপরিশোধিত রয়েছে?
সঠিক জাবেদা দাখিলা কোনটি?
ক. বেতন হিসাব ডেবিট, নগদান হিসাব ক্রেডিট খ. নগদান হিসাব ডেবিট, বেতন হিসাব ক্রেডিট
গ. বেতন হিসাব ডেবিট, বকেয়া বেতন হিসাব ক্রেডিট ঘ. বকেয়া বেতন হিসাব ডেবিট, বেতন হিসাব ক্রেডিট

১৫. কোনটি পরিচালনা আয়?
ক. উপভাড়া খ. শিক্ষানবিস সেলামী
গ. বাট্টা প্রাপ্তি ঘ. বিনিয়োগের সুদ

১৬. বি/ডি বলতে কী বুঝায়?
ক. নিচে নীত খ. পেছন থেকে আনীত
গ. উপর থেকে আনীত ঘ. সম্মুখে নীত

হিসাবটি পড়ো এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:

**ব্যাংক হিসাব**

| তাং | বিবরণ | জা:পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | ব্যালেন্স | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
| ২০১৪ জানু: ১ | নগদান হিসাব | | ৯০,০০০ | | | |
| ২০১৪ জানু: ১০ | নগদান হিসাব | | | ৭০,০০০ | ২০,০০০ | |
| ২০১৪ জানু: ২০ | ক্রয় হিসাব | | | ৮,০০০ | | |

১৭. ২০ তারিখের লেনদেনটির জাবেদা দাখিলা কোনটি?
ক. ক্রয় হিসাব ডেবিট, নগদান হিসাব ক্রেডিট খ. নগদান হিসাব ডেবিট, ক্রয় হিসাব ক্রেডিট
গ. ব্যাংক হিসাব ডেবিট, ক্রয় হিসাব ক্রেডিট ঘ. ক্রয় হিসাব ডেবিট, ব্যাংক হিসাব ডেবিট

১৮. ব্যাংক হিসাবটির সমাপনী জের কত টাকা?
ক. ১২,০০০ খ. ২০,০০০
গ. ২৮,০০০ ঘ. ৭২,০০০

১৯. পণ্য বিক্রয় বা পাওনা আদায় বাবদ প্রতিষ্ঠান চেক পেলে তা কী বলে গণ্য হবে?
ক. বাহক চেক খ. খোলা চেক
গ. দাগকাটা চেক ঘ. নিরাপদ চেক

২০. সাধারণত রেওয়ামিলে আসে না-
i. সম্ভাব্য দায় ও সম্পদ ii. সমাপনী মজুদ পণ্য
iii. প্রারম্ভিক ব্যাংক জমা
নিচের কোনটি সঠিক?
ক. i. ও ii. খ. i. ও iii.
গ. ii.ও iii. ঘ. i., ii. ও iii

২১. কোনটি প্রকৃত জাবেদার অন্তর্ভূক্ত নয়?
ক. সমন্বয় জাবেদা খ. ক্রয় জাবেদা
গ. প্রারম্ভিক জাবেদা ঘ. সমাপনী

২২. নগদান বই হিসাবের-
ক. পাস বই খ. প্রাথমিক বই
গ. চূড়ান্ত বই ঘ. প্রকৃত বই

২৩. প্রতিষ্ঠানের সর্বাধিক চাহিদা পূরণের জন্য প্রচলিত নগদান বই হল-

i. নগদ প্রাপ্তি জাবেদা ii. নগদ প্রদান জাবেদা

iii.তিন ঘরা নগদান বই

নিচের কোনটি সঠিক?

ক. i. ও ii. খ. i. ও iii.

গ. ii.ও iii. ঘ. i., ii. ও iii

উদ্দীপকটি পড়ো এবং ২৪-২৬ নং প্রশ্নের উত্তর দাও-:

সুরভি এন্টারপ্রাইজ ৫,০০,০০০ টাকার একটি পুরানো মাইক্রোবাস ক্রয় করে। ৫০,০০০ টাকা মূল্যের যন্ত্রাংশ সংযোজন করে মাইক্রোবাসটি মেরামত করে। পরবর্তীতে মাইক্রোবাসটি ৫,৭৫,০০০ টাকা বিক্রয় করা হয়।

২৪. সুরভি এন্টারপ্রাইজের মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ কত টাকা হবে?

ক. ৫০,০০০ খ. ৫,০০,০০০

গ. ৫,৫০,০০০ ঘ. ৫,৭৫,০০০

২৫. মাইক্রোবাসটির বিক্রয়জনিত মুনাফা সুরভি এন্টারপ্রাইজের-

ক. মূলধন জাতীয় প্রাপ্তি খ. মূলধন জাতীয় আয়

গ. মুনাফা জাতীয় প্রাপ্তি গ. মুনাফা জাতীয় আয়

২৬. সুরভি এন্টারপ্রাইজের মুনাফা কত টাকা?

ক. ২৫,০০০ খ. ৫০,০০০

গ. ৭৫,০০০ ঘ. ১,২৫,০০০

২৭. একই শ্রেণিভুক্ত হিসাব-

i. বিলের অর্থ আদায় ii. বিলের মাধ্যমে ক্রয়

iii.বিলের মাধ্যমে বিক্রয়

নিচের কোনটি সঠিক?

ক. i. ও ii. খ. i. ও iii.

গ. ii.ও iii. ঘ. i., ii. ও iii

২৮. অশুদ্ধ রেওয়ামিল শুদ্ধ করার পদক্ষেপ কোনটি?

ক. জাবেদা হতে খতিয়ানে স্থানান্তর খ. খতিয়ান হতে রেওয়ামিলে স্থানান্তর

গ. দু'পাশের পার্থক্য দুই দ্বারা ভাগ করা গ. যোগফল পরীক্ষা করা

উদ্দীপকটি পড়ো এবং ২৯ এবং ৩০ নং প্রশ্নের উত্তর দাও :

মীম এন্টারপ্রাইজ অফিসে ব্যবহারের জন্য ৫০,০০০ টাকার আসবাবপত্র ক্রয় করে তা ভূলবশত ক্রয় হিসাবে লিপিবদ্ধ করে।

২৯. উদ্দীপকে কোন ধরনের ভূল সংঘটিত হয়েছে?

ক. পরিপূরক খ. নীতিগত

গ. বেদাখিলার ঘ. লিখার

৩০. উক্ত ভুলের সংশোধনী জাবেদা দাখিলা কোনটি?

ক. নগদান হিসাব ডেবিট, আসবাবপত্র হিসাব ক্রেডিট খ. আসবাবপত্র হিসাব ডেবিট, নগদান হিসাব ক্রেডিট

গ. ক্রয় হিসাব ডেবিট, আসবাবপত্র হিসাব ক্রেডিট ঘ. আসবাবপত্র ডেবিট, ক্রয় হিসাব ক্রেডিট

৩১. হিসাবচক্রের ধাপগুলো পূর্ববর্তী ও পরবর্তী বছরের মধ্যে কী রক্ষা করে?

ক. সমতা খ. সমন্বয়

গ. ব্যালেন্স ঘ. ধারাবাহিকতা

৩২. দীর্ঘমেয়াদি দায় কোনটি?

ক. পাওনাদার খ. প্রদেয় বিল

গ. বন্ধকী ঋণ ঘ. বকেয়া বেতন

৩৩. কোন নীতিতে সমাপনী মজুদ পণ্যের মূল্যায়ন করা হয়?

ক. ব্যবসায়িক স্বত্ত্বা নীতি খ. ক্রয়মূল্য নীতি

গ. সামঞ্জ্যতার নীতি ঘ. রক্ষণশীলতার নীতি

৩৪. প্রত্যক্ষ খরচ কোনটি?
ক. ডক চার্জ খ. ব্যাংক চার্জ
গ. রপ্তানি শুল্ক ঘ. বিক্রয় পরিবহন

৩৫. কোনটি বিক্রয় উপরিব্যয়?
ক. টেলিফোন বিল খ. বিজ্ঞান
গ. ডাক ও তার ঘ. অফিসের বেতন

৩৬. নীলাচল ট্রেডার্সের সিমেন্টের ক্রয়মূল্য ২,২৫০০০ টাকা, কুলি খরচ ১,৫০০ টাকা, ট্রাকভাড়া ২০,০০০ টাকা এবং গুদাম ভাড়া ৫,০০০ টাকা। নীলাচল ট্রেডার্সের মূখ্য ব্যয় কত টাকা?
ক. ২,২৬,৫০০ খ. ২,৩০,০০০
গ. ২,৪৬,৫০০ ঘ. ২,৫১,৫০০

৩৭. ''পারিবারিক তহবিল'' আর্থিক বিবরণীতে কী হিসেবে দেখানো হয়?
ক. সম্পদ খ. দায়
গ. আয় ঘ. ব্যয়

৩৮. পারিবারিক হিসাব-নিকাশের প্রথম ধাপ কোনটি?
ক. আয়-ব্যয় হিসাব খ. সম্পদ ও দায় হিসাব
গ. আর্থিক অবস্থার বিবরণী ঘ. প্রাপ্তি ও প্রদান হিসাব

৩৯. কামরুজ্জামানের পরিবারের বার্ষিক আয় ৩,৬০০০০ টাকা। পারিবারিক বাজেটের নমুনায় শিক্ষাখাতে আনুমানিক ব্যয় কত টাকা?
ক. ৩৬,০০০-৫৪,০০০ খ. ৫৪,০০০-৭২,০০০
গ. ৭২,০০০-৯০,০০০ ঘ. ১,০৮,০০০-১,৪৪,০০০

৪০. পারিবারিক হিসাব-নিকাশের বৈশিষ্ট্য কোনটি?
ক. সুষ্ঠু পরিকল্পনা খ. মূল্যবোধ সৃষ্টি
গ. নগদ লেনদেন ঘ. পারিবারিক স্বচ্ছলতা